কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 15 MAY 2026 ,FRIDAY | ১৫ মে ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-162


## মমতা কে দেখে হাইকোর্ট চত্বরে চোর চোর বলে কটাক্ষ আইনজীবীদের একাংশের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৪ মে :** কলকাতা হাইকোর্ট চত্বরে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কে দেখে জয় শ্রীরাম স্লোগান ও চোর চোর বলে কটাক্ষ আইনজীবীদের একাংশের। বৃহস্পতিবার হাইকোর্টে চত্বরে আইনজীবী পোশাকে উপস্থিত হন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মমতা বন্দ্যোপাধ্যায় পৌঁছতেই হাইকোর্টে চত্বরে জয় শ্রী রাম স্লোগান ও চোর চোর বলে কটাক্ষ করতে থাকে আইনজীবীদের একাংশ। চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয় কিছুক্ষণের জন্য। সুত্রের খবর মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের একটা মামলার বিষয়ে মামলা লড়তে এসেছিলেন। তবে এদিন মমতা বন্দ্যোপাধ্যায় হাইকোর্ট থেকে বেরোনোর সময়ও তাকে ঘিরে চোর চোর বলে কটাক্ষ করা হয় আইনজীবীদের একাংশের তরফে।

## ফাইল চুরির জের তালাবন্ধ অবস্থায় পড়ে রয়েছে স্বনির্ভর গোষ্ঠীর ঘর



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ মে :** আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েত কার্যালয় স্বনির্ভর গোষ্ঠীর সংঘের ঘর তালাবন্ধ অবস্থায় পড়ে রয়েছে বেশ কয়েকদিন যাবত এমনটাই জানা গেছে গ্রাম পঞ্চায়েত দপ্তরে গিয়ে বৃহস্পতিবার বেলা তিনটা নাগাদ। গ্রাম পঞ্চায়েতের স্বনির্ভর গোষ্ঠীগুলোকে দেখাশোনার জন্য পাঁচজনের সদস্যের শতদল সংঘ রয়েছে। আর এই সংঘের নেত্রীরা বিভিন্ন দুর্নীতিতে জড়িত হয়ে গেছে। বিধানসভা ভোট গণনার পরের দিন সকাল বেলা অফিস খুলে টোটো ভর্তি করে সংঘের ফাইল পত্র নিয়ে আসা হয়েছিল নেত্রীর বাড়িতে। এরপর পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী এসে সেই ফাইলগুলি উদ্ধার করে নেত্রীকে গ্রেপ্তার করে নিয়ে যায়। স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের কাছ থেকে জানা গেছে দীর্ঘদিন যাবত পাঁচজন এই সংঘে রয়েছেন। আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে শাসকদলের নেতাদের ছত্রছায়ায় থেকে পরিচালনা করছিলেন তারা। রাজ্যে পালাবদল হয়েছে আর এর ফলেই বিপাকে পড়ে গেছেন সংঘের নেত্রীরা। একদিকে দুর্নীতি অন্যদিকে ফাইল চুরি যার ফলেই নেত্রীদের দেখা মিলছে না গ্রাম পঞ্চায়েত দপ্তরের তাদের কক্ষে।

## বেআইনি পার্কিং ও বেআইনি টোল আদায়ের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণ করতে চলেছে রাজ্যসরকার ,বললেন পুর নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৪ মে :** রাজ্যে বেআইনি পার্কিং ও বেআইনি টোল আদায়ের বিরুদ্ধে এবার কড়া পদক্ষেপ গ্রহণ করতে চলেছে রাজ্যসরকার। বিধানসভা থেকে বেরিয়ে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে বললেন রাজ্যের পুর নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন রাজ্যে বিভিন্ন জায়গায় ফেক পার্কিং স্লিপ নিয়ে তৃণমূলের ক্যাডার ও অন্যান্য মানুষ টাকা তুলেছে ,সেই রাজস্ব সরকারের কাছে আসেনি। এই বেআইনি পার্কিং বন্ধে সংক্রান্ত নোটিশ আমার দপ্তর থেকে দেওয়া হচ্ছে। ফেক রসিদ দেখিয়ে বহু জায়গায় টাকা আদায় চলতো , এগুলো বন্ধ করে পার্কিং এর জায়গায় একটা নির্দিষ্ট রেট চার্জ দেওয়া হবে যাতে কেউ অতিরিক্ত টাকা নিতে না পারে। এছাড়াও এদিন রাজ্যের পুর নগরোন্নয়ন ,নারী ও শিশু কল্যাণ মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন নারী ও শিশু সমস্যা সংক্রান্ত বিষয়ে একটা হেল্পলাইন নং জনগণের উদ্দেশ্যে দেওয়া হবে। কোন কিছু সমস্যা হলে দপ্তরের হেল্প লাইন নং এ যোগাযোগ করতে পারেন। আমরা যথাযথ পদক্ষেপ গ্রহণ করবো। এছাড়াও চাইল্ড হেল্প লাইনেও ফোন করে সমস্যা জানাতে পারবে তবে ,ওই নং এ চাইল্ড এবং মহিলা দুটো আলাদা বিভাগ করা থাকবে। এছাড়াও জিও ট্যাগিং করা হবে , যেখানে যেখানে ময়লা পড়ে আছে ,ফোনের মধ্যে অ্যাপ ডাউনলোড করে জিও ট্যাগিং করে পাঠিয়ে দেবেন।এক থেকে দুই ঘন্টার ভিতর ময়লা পরিষ্কার করা হবে।

## চাকরি পাইয়ে দেবার নাম করে টাকা তোলার অভিযোগে গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,১৪ মে :** পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের চাকরী দুর্নীতি মামলায় জড়িত থাকার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করে বড়োসড়ো সাফল্য পেলো মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার পুলিশ। জানা গেছে চাকরি পাইয়ে দেবার নাম করে থানা এলাকার মিহির চন্দ্র সাহা ও কৌশিক ঘোষ এলাকার অনেকের থেকে টাকা নিয়েছিলো। এরপর স্কুল সার্ভিস কমিশনের দুর্নীতি প্রকাশ্যে আসতেই দুজন গা ঢাকা দেয়। পুলিশে দায়ের হওয়া অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত জারী রাখে। তদন্তে অভিযুক্তদের বিরুদ্ধে নির্দিষ্ট তথ্য প্রমান সংগ্রহ করে পুলিশ মঙ্গলবার বীরভূম জেলা থেকে দুই জনকে গ্রেপ্তার করে মুর্শিদাবাদ নিয়ে আসে ও বৃহস্পতিবার তাদের মুর্শিদাবাদ আদালতে পেশ করে। জানা গেছে এই চক্রে জড়িত অন্যান্যদের খোঁজে তল্লাশী জারী রেখেছে পুলিশ।

# জটেশ্বরে আটক ট্রাক্টর, গ্রেপ্তার চালক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ মে :** সরকার বদলের পরেই সক্রিয় হয়ে উঠেছে পুলিশ। ফালাকাটা ব্লকের ধনীরামপুর দুই নম্বর অঞ্চল এলাকায় অবৈধ বালি পাচার রুখে দিলো জটেশ্বর ফাঁড়ির পুলিশ। বৃহস্পতিবার আচমকা অভিযান চালিয়ে বালি বোঝাই একটি ট্র্যাক্টর আটক করার পাশাপাশি চালককেও পাকড়াও করে পুলিশ। পুলিশ সূত্রে খবর, নদীর চর থেকে দেদার অবৈধভাবে বালি তোলা ও পাচারের অভিযোগ পেয়েই এদিন হঠাৎ অভিযান চালায় জটেশ্বর ফাঁড়ির পুলিশ। অভিযানের সময় একটি বালি বোঝাই ট্র্যাক্টর ও চালককে আটক করে ফাঁড়িতে নিয়ে যাওয়া হয়। এই বিষয়ে জটেশ্বর ফাঁড়ির ওসি জগদীশ রায় জানিয়েছেন, “শুক্রবার ধৃত ব্যক্তিকে আলিপুরদুয়ার আদালতে পাঠানো হবে। তিনি আরও বলেন, “অবৈধ বালি পাচারের বিরুদ্ধে কোনওরকম আপস করা হবে না। যারা এই বেআইনি কাজের সঙ্গে যুক্ত, তাদের বিরুদ্ধে কড়া আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

# কুমারগ্রাম থানার পুলিশের সচেতনতার বার্তা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের নির্দেশে কুমারগ্রাম থানার পুলিশ কুমারগ্রাম থানার বিভিন্ন এলাকায় প্রচার শুরু করলেন বাইক চালক থেকে শুরু করে সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে। সরকারের পরিবর্তন হয়েছে আর এরপরেই জেলা পুলিশের নির্দেশে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে পুলিশ অনেকটাই সক্রিয় হয়ে উঠেছে। বাইক চালক কে হেলমেট পরতে হবে সঙ্গে থাকা ব্যক্তিকেও হেলমেট পড়তে হবে তাছাড়া সরকারি আইন মেনে বাইক চালানোর আবেদন জানিয়েছেন কুমারগ্রাম থানার পুলিশ।

# কোচবিহার সদর ট্র্যাফিক পুলিশের উদ্যোগে বিশেষ অভিযান




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১৪ মে :** আজ শহরের মা ভবানী চৌপথী সহ আরও কিছু স্থানে মোটর গ্যারাজ গুলোতে কোচবিহার সদর ট্র্যাফিক পুলিশের উদ্যোগে বিশেষ অভিযান সংগঠিত হয়। মডিফাইড এক্সহস্ট ,এয়ার প্রেশার হর্ন , এল ই ডি আলো যেগুলো বাইক বা গাড়িতে ব্যবহার করার ফলে প্রচণ্ড আলো তৈরি করে এতে অন্য গাড়ি চালকদের অসুবিধার সম্মুখীন হতে হয় ।এই সমস্ত জিনিষ যে গাড়ি চালকেরা গাড়িতে ব্যবহার করবেন তাদের প্রতি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি এই সমস্ত যন্ত্রাংশ যারা বিক্রি করছেন তাদের প্রতিও সমান আইনানুগ ব্যবস্থা গ্রহণের সচেতনতা ও হুঁশিয়ারি র প্রচারে উপস্থিত ছিলেন ওসি সদর ট্র্যাফিক সুরেশ দাস এবং অন্যান্য ট্র্যাফিক অফিসারেরা। সুরেশ জানান এই ধরনের সচেতনতা মুলক অভিযান ধারাবাহিক ভাবে চলতে থাকবে।

# স্কুলের পোশাকেও দুর্নীতির গন্ধ আলিপুরদুয়ারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ মে :** স্বনির্ভর গোষ্ঠীর সংঘের মহিলাদের দেওয়া স্কুলের পোশাকেও দুর্নীতির অভিযোগ উঠে এসেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বিভিন্ন স্কুলে। খুদে ছাত্র-ছাত্রীদের কেউ সঠিক পোশাক দেওয়া হয়নি স্বনির্ভর গোষ্ঠীর সংঘের মহিলাদের পক্ষ থেকে। সর্বশিক্ষা মিশনের দেওয়া টাকা তে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বিভিন্ন প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের সরকারিভাবে দুই সেট পোশাক দেওয়া হয়েছে। গত কয়েক বছর যাবত এই পোশাক সরবরাহ করছেন স্বনির্ভর গোষ্ঠীর সংঘের মহিলারা রীতিমতো টেন্ডারের মাধ্যমে। এক সময় এই পোশাক এক বালের দায়িত্ব ছিলেন অপর বিদ্যালয় পরিদর্শকেরা। এখন দায়িত্ব রয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের। স্কলের শিক্ষক শিক্ষিকা এবং ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলে জানা গেছে কাপড়ের মান খুবই খারাপ তাছাড়া অধিকাংশ ছাত্র-ছাত্রী এই পোশাক করতে পারে না। তাদের নির্দিষ্ট কোন সাইজ নেই। সবচেয়ে বড় বিষয় হলো আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ১১ টি গ্রাম পঞ্চায়েত এলাকায় অধিকাংশ স্কুলগুলিতে স্বনির্ভর গোষ্ঠীর সংঘের মহিলারাই এই পোশাক সরবরাহ করতেন। আশ্চর্যের বিষয় সর্বশিক্ষা মিশনের দেওয়া টাকা দে পোশাক যাওয়ার কথা থাকলেও অনেক স্কুলে ছাত্রছাত্রীদের ঠকানো হয়েছে এক সেট পোশাক দিয়ে। ব্লকের মজিদ খানা যশোডাঙ্গা সহ অনেক স্কুলেই ছাত্র-ছাত্রীরা দুই সেট পোশাক পায়নি। অভিযোগ জানানোর মত কোন জায়গাও নেই। প্রশাসনিক কর্তাকে অভিযোগে জানালেই তাদের কাছ থেকে শুনতে হচ্ছে যতটুকু পেয়েছেন তাই নিয়ে সন্তুষ্ট থাকুন। পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত হাই স্কুল গুলোতে ছাত্রছাত্রীদের এই পোশাক দেওয়া হয়। স্বাভাবিকভাবেই অষ্টম শ্রেণীতে পড়া ছাত্র কিংবা ছাত্রী তাদের সাইজ মত পোশাক না পেলে প্রতিবাদ করেও কোন লাভ হয়নি। তৃণমূল সরকার ক্ষমতায় থাকার দরুন স্বনির্ভর গোষ্ঠীর সংঘের মহিলারা তাদের ছত্রছায়ায় থেকে বহাল তবিয়তে দুর্নীতি করে গেছেন গত কয়েক বছর ধরে। যদিও এক শিক্ষকের কথায় গত কয়েক বছরে অর্থাৎ ২০২৫ সাল পর্যন্ত পোশাক নিয়ে দুর্নীতির পরিমাণ কোটি টাকা ছাড়িয়ে যাবে। তবে পোশাক নিয়ে দুর্নীতির বিষয় নিয়ে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের কোন কর্মকর্তা মুখ খুলতে চান নি। যদিও নতুন শিক্ষা বর্ষে অর্থাৎ ২০২৬ সালে এখনো কোন স্কুলে পোশাক দেওয়া হয়নি।

# আলিপুরদুয়ার জংশনে রেলে কাটা পড়ে মৃত্যু




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ মে :** আলিপুরদুয়ার জংশন এলাকায় রেল লাইনে কাটা পড়ে মৃত্যু হল এক ব্যক্তির। বৃহস্পতিবার এই মর্মান্তিক ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয় এলাকায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এলাকার এক মহিলা প্রথম রেল লাইনের ধারে এক ব্যক্তির দেহ পড়ে থাকতে দেখতে পান। এরপরই তিনি বিষয়টি রেল কর্তৃপক্ষকে খবর দেন।খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় আলিপুরদুয়ার জংশন জিআরপি ও আরপিএফের আধিকারিকরা। পরে দেহটি উদ্ধার করে তদন্ত শুরু করে পুলিশ। প্রাথমিক তদন্তের পর মৃত ব্যক্তির পরিচয় জানা যায়। মৃতের নাম পাপ্পু মাহাতো। পেশায় তিনি একটি গ্যারেজের স্টাফ হিসেবে কাজ করতেন বলে জানা গিয়েছে। ঘটনার প্রকৃত কারণ এখনও স্পষ্ট নয়। এটি দুর্ঘটনা নাকি অন্য কোনও কারণ রয়েছে, তা খতিয়ে দেখছে রেল পুলিশ। এদিকে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় শোকের ছায়া নেমে আসে। স্থানীয় বাসিন্দাদের একাংশ জানান, ঘটনাটি অত্যন্ত দুঃখজনক এবং প্রশাসনের তরফে দ্রুত তদন্ত করে প্রকৃত কারণ সামনে আনার দাবি তুলেছেন তাঁরা।

# চুরির কয়েক ঘন্টার মধ্যেই উদ্ধার চুরি যাওয়া সামগ্রী ,গ্রেপ্তার চোর





**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ মে :** চুরির ঘটনার কয়েক ঘন্টার মধ্যেই পুলিশের তৎপরতায় উদ্ধার চোরাই সামগ্রী, গ্রেপ্তার চোর। জানা গেছে বুধবার গভীর রাতে আলিপুরদুয়ার জেলার জয়গাঁ থানা এলাকার একটি গুদাম থেকে কয়েকটি যন্ত্রপাতি চুরি যায়। বৃহস্পতিবার জয়গাঁ থানায় চুরির অভিযোগ দায়ের হয়। পুলিশ অভিযোগ পেয়ে ঘটনার তদন্ত শুরু করে ও গুদামের পাশের এলাকা থেকে এক ব্যক্তিকে আটক করে। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় চুরি যাওয়া একটি কাটার মেশন ও একটি ড্রিল মেশিন। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করা হয়েছে। এই ঘটনায় আরও কেউ জড়িত আছে কিনা সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

# উদ্ধার পয়ষট্টিটি চোরাই মোবাইল ফোন, গ্রেপ্তার তিন




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,১৪ মে :** মালদহ জেলা পুলিশের কালিয়াচক থানার অধীন গোলাপগঞ্জ তদন্ত কেন্দ্রের পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার থানা এলাকার দুইশত বিঘির বাসিন্দা আব্দুল ইমরানের বাড়িতে অভিযান চালায়। অভিযানে তল্লাশীতে বাড়ি থেকে উদ্ধার হয় বিভিন্ন ব্র্যান্ডের পয়ষট্টিটি চোরাই মোবাইল। উদ্ধার করা মোবাইল গুলি বাজেয়াপ্ত করে গ্রেপ্তার করা হয় তিঞ্জনকে। ধৃতরা হলো বাড়ির মালিক আব্দুল ইমরান (২৬),জাসু শেখ (২৩) ও মোশারফ হোসেন (২৬)। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |